# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত

## প্রবিধান-২০২৩ (সংশোধিত)

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০২৩ (সংশোধিত)

(২০১৩ সনের ৩৭নং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইনের তফসিলে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের প্রথম সংবিধির ধারা-২ এর (৪), (৫) ও ধারা-৪ এর (৫)(গ) অনুযায়ী অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির পর্যায় ও পরিধি এবং চাকরির যোগ্যতা ও অন্যান্য শর্তসমূহ নির্ধারণ প্রয়োজন বিধায় আইনের ধারা-৪৮ (১) এর (খ), (গ) এবং (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রবিধান প্রণীত হল। ইহা বিশ্ববিদ্যালয় প্রবিধান প্রণয়ন কমিটি কর্তৃক প্রণীত এবং অধিভুক্ত কমিটির ৪র্থ সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে সিন্ডিকেটের ১৭/১২/২০১৮ খ্রি. তারিখের ১০ম সভায় অনুমোদিত এবং ১২তম সিন্ডিকেট কর্তৃক প্রবিধান-২০১৯ সংশোধনী-(১) অনুমোদিত, যা ২৫ তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধনপূর্বক প্রবিধান-২০২৩ নামে চূড়ান্তকরণের লক্ষ্যে পুনর্গঠিত কমিটি কর্তৃক ২০/০৬/২০২৩ তারিখের ২৬ তম সিন্ডিকেট সভায় অনুমোদনের জন্য সুপারিশকৃত।)

## ক. শিরোনাম ও পরিধি

এই প্রবিধান ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত 'বেসরকারি মাদরাসা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান, ২০২৩ (সংশোধিত)' নামে অভিহিত হবে। এই প্রবিধান অবিলম্বে কার্যকর হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল বেসরকারি ফাজিল স্নাতক (পাস), ফাজিল স্নাতক (অনার্স), কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি এবং কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি মাদরাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে।

## খ. সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের সাথে অসংগতিপূর্ণ না হলে এই প্রবিধানে–

(১) 'আইন' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩ বুঝাবে;
(২) 'সংবিধি' বলতে আইনের অধীন প্রণীত সংবিধি বুঝাবে;
(৩) 'বিশ্ববিদ্যালয় বিধি' বলতে আইনের অধীন প্রণীত বিশ্ববিদ্যালয় বিধি বুঝাবে;
(৪) 'বিশ্ববিদ্যালয়' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বুঝাবে;
(৫) 'সিন্ডিকেট' বলতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বুঝাবে;
(৬) 'একাডেমিক কাউন্সিল' বলতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল বুঝাবে;
(৭) 'ভাইস চ্যান্সেলর' বলতে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর বুঝাবে;
(৮) 'প্রো-ভাইস চ্যান্সেলর' বলতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর বুঝাবে;
(৯) 'ট্রেজারার' বলতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার বুঝাবে;
(১০) 'রেজিস্ট্রার' বলতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বুঝাবে;
(১১) 'ডিন' বলতে বিশ্ববিদ্যালয়ের ডিন বুঝাবে;
(১২) 'পরীক্ষা নিয়ন্ত্রক' বলতে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বুঝাবে;
(১৩) 'মাদরাসা পরিদর্শক' বলতে বিশ্ববিদ্যালয়ের মাদরাসা পরিদর্শক বুঝাবে;
(১৪) 'অধিভুক্ত মাদরাসা' বলতে বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল স্নাতক (পাস), ফাজিল স্নাতক (অনার্স), কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি এবং কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি মাদরাসা বুঝাবে;
(১৫) 'অধ্যক্ষ' বলতে অধিভুক্ত মাদরাসার অধ্যক্ষ বুঝাবে;
(১৬) 'উপাধ্যক্ষ' বলতে অধিভুক্ত মাদরাসার উপাধ্যক্ষ বুঝাবে;

(১৭) 'শিক্ষক' বলতে অধিভুক্ত মাদরাসার অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, মুহাদ্দিস, মুফাসসির, ফকিহ, আদিব, প্রভাষক অথবা এমন কোনো ব্যক্তি বুঝাবে যিনি মাদ্রাসায় শিক্ষাদানের জন্যে নিয়োগপ্রাপ্ত;

(১৮) 'খণ্ডকালীন শিক্ষক' বলতে মাদরাসার গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত নিয়োগপত্রে উল্লিখিত শর্তাবলি সাপেক্ষে খণ্ডকালীন শিক্ষকতার কাজে নিযুক্ত ব্যক্তি বুঝাবে;

(১৯) 'কর্মকর্তা' বলতে মাদরাসায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে;

(২০) 'কর্মচারী' বলতে মাদরাসায় নিয়োগপ্রাপ্ত সকল স্তরের কর্মচারীকে বুঝাবে;

(২১) 'শিক্ষার্থী' বলতে মাদরাসার ছাত্র বা ছাত্রী বুঝাবে;

(২২) 'গভর্নিং বডি' বলতে মাদরাসার গভর্নিং বডি বুঝাবে;

(২৩) 'এডহক কমিটি' বলতে মাদরাসার এডহক কমিটি বুঝাবে;

(২৪) 'সভাপতি' বলতে ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত অধিভুক্ত মাদরাসার পরিচালনায় গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতিকে বুঝাবে;

(২৫) 'একাডেমিক কমিটি' বলতে মাদরাসার একাডেমিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা ও শিক্ষার গুণগতমান নিশ্চিত করার লক্ষে গঠিত কমিটি বুঝাবে;

(২৬) 'শাখা' বলতে ইতোপূর্বে মাদরাসায় চালুকৃত এক বা একাধিক শাখা বা শিফট বুঝাবে;

(২৭) 'আপিল এন্ড আরবিট্রেশন কমিটি' বলতে প্রবিধানের ১৫ বিধিতে গঠিত কমিটি বুঝাবে;

(২৮) 'নিয়োগ কমিটি' বলতে প্রবিধানে ০৪ নং বিধিতে উল্লিখিত নিয়োগ কমিটিসমূহ বুঝাবে;

(২৯) 'এমপিও নীতিমালা' বলতে বেসরকারী মাদরাসায় নিয়োগপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে বেতন-ভাতা প্রদানের জন্য সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নীতিমালাকে বুঝাবে;

১। **শিক্ষকগণের শ্রেণি বিভাগ**

(ক) অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, মুহাদ্দিস, মুফাসসির, ফকিহ, আদিব, প্রভাষক, সহকারী মৌলভী, জুনিয়র মৌলভী, সহকারী শিক্ষক, জুনিয়র শিক্ষক, ইবতেদায়ি প্রধান, ক্বারী ও প্রদর্শক থাকবে। কোনো মাদরাসায় একাধিক শাখা/শিফট থাকলে বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমোদনক্রমে একাধিক উপাধ্যক্ষ নিয়োগ করতে হবে।

(খ) অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক/ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব/ প্রভাষক/ অন্যান্য ক্যাটাগরির শিক্ষকের পদ সৃষ্টি করতে হলে সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডির সিদ্ধান্তক্রমে সৃষ্টি করতে পারবে। উক্ত পদ সৃষ্টির পর গভর্নিং বডির রেজুলেশনসহ বিষয়টি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

(গ) শূন্যপদ না থাকলে কোনো ব্যক্তিকে নিয়োগদান করা যাবে না। তবে মাদরাসার গভর্নিং বডির সিদ্ধান্তে সৃষ্টপদে নিয়োগদান করা যাবে। মাদরাসার প্রয়োজনে নিজ অর্থায়নে গভর্নিং বডি খণ্ডকালীন শিক্ষক নিয়োগ করতে পারবে।

(ঘ) মাদরাসায় বা অপর কোনো শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কোনো ব্যক্তি অন্য কোনো মাদরাসায় শিক্ষক হিসেবে নিযুক্তির জন্য নির্বাচিত হলে নতুন মাদরাসায় যোগদানের পূর্বে যে মাদরাসায় বা শিক্ষা প্রতিষ্ঠানে তিনি কর্মরত সেই মাদরাসা বা শিক্ষা প্রতিষ্ঠান হতে এই মর্মে একটি ছাড়পত্র সংগ্রহ করতে হবে যে, তাঁর নিকট সাবেক মাদরাসা বা শিক্ষা প্রতিষ্ঠানে কোনো পাওনা নেই এবং তাঁর ঐ মাদরাসা ত্যাগে তাঁদের কোনো আপত্তি নেই।

২। শিক্ষক নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা

২.১। অধ্যক্ষ (কামিল মাদরাসা)

(ক) শিক্ষাগত যোগ্যতা : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি। এক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

(খ) অভিজ্ঞতা : ফাজিল মাদরাসার অধ্যক্ষ/ কামিল ও ফাজিল মাদরাসার উপাধ্যক্ষ/ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব/ সহকারী অধ্যাপক পদে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং প্রভাষক পদে (আরবি অথবা ইসলামিক স্টাডিজের বিষয়সমূহে) কামিল/ফাজিল মাদরাসায় ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

তবে এমফিল ডিগ্রিধারীর ক্ষেত্রে ০২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীর ক্ষেত্রে ০৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য।

২.২। উপাধ্যক্ষ (কামিল মাদরাসা)

(ক) শিক্ষাগত যোগ্যতা : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি। এক্ষেত্রে প্রার্থীকে দাখিল ও আলিম পাস হতে হবে।

(খ) অভিজ্ঞতাঃ মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং প্রভাষক পদে (আরবি অথবা ইসলামিক স্টাডিজের বিষয়সমূহে) কামিল/ফাজিল মাদরাসায় ৯ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

অথবা

ফাজিল মাদরাসায় অধ্যক্ষ হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা/ফাজিল মাদরাসায় উপাধ্যক্ষ হিসেবে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ কামিল/ফাজিল মাদরাসায় সহকারী অধ্যাপক/ প্রভাষক হিসেবে (আরবি অথবা ইসলামিক স্টাডিজের বিষয়সমূহে) মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

তবে এমফিল ডিগ্রিধারীর ক্ষেত্রে ০২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীর ক্ষেত্রে ০৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য।

২.৩। অধ্যাপক (কামিল মাদরাসা)

(ক) শিক্ষাগত যোগ্যতা: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রি এবং স্বীকৃত গবেষণা জার্নালে প্রকাশিত ৫টি গবেষণা প্রবন্ধ।

(খ) অভিজ্ঞতা: মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক (আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ১০ বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।

অথবা

কামিল মাদরাসায় (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) সহযোগী অধ্যাপক হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।

(গ) প্রাপ্যতা: কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকদের থেকে ৫০% হারে পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এছাড়া সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

২.৪। সহযোগী অধ্যাপক (কামিল মাদরাসা)

(ক) শিক্ষাগত যোগ্যতা: বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রি এবং স্বীকৃত গবেষণা জার্নালে প্রকাশিত ৩টি গবেষণা প্রবন্ধ।

(খ) অভিজ্ঞতা: মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের অভিজ্ঞতা।

(গ) প্রাপ্যতা: কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকদের থেকে ৫০% হারে পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এছাড়া সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

২.৫। মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব (কামিল মাদরাসা)

(ক) শিক্ষাগত যোগ্যতা : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) অভিজ্ঞতা : কামিল/ফাজিল মাদরাসায় হাদিস/তাফসির/ফিকহ/আদব/ আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ৮ (আট) বছরের অভিজ্ঞতা।

২.৬। **প্রভাষক (কামিল মাদরাসার হাদিস/তাফসির/ফিকহ/আদব বিভাগের জন্য প্রযোজ্য)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট বিভাগে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে সংশ্লিষ্ট বিভাগে ১ম শ্রেণির অথবা সমমান সিজিপিএ কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে ১ম শ্রেণির অথবা সমমান সিজিপিএ অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৭। **অধ্যক্ষ (ফাজিল মাদরাসা)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) **অভিজ্ঞতা** : কামিল/ফাজিল মাদরাসার উপাধ্যক্ষ/মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং প্রভাষক পদে (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ফাজিল/কামিল মাদরাসায় ১২ বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

অথবা

আলিম মাদরাসার অধ্যক্ষ হিসেবে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সহকারী অধ্যাপক পদে (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) সর্বমোট ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

তবে এমফিল ডিগ্রিধারীর ক্ষেত্রে ০২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীর ক্ষেত্রে ০৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য।

২.৮। **উপাধ্যক্ষ (ফাজিল মাদরাসা)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) অভিজ্ঞতা : মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

অথবা

আলিম মাদরাসার অধ্যক্ষ হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ সহকারী অধ্যাপক পদে (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

তবে এমফিল ডিগ্রিধারীর ক্ষেত্রে ০২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীর ক্ষেত্রে ০৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য।

২.৯। অধ্যাপক (**ফাজিল মাদরাসা**)

(ক) শিক্ষাগত যোগ্যতা: বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রি এবং স্বীকৃত গবেষণা জার্নালে প্রকাশিত ৫টি গবেষণা প্রবন্ধ।

(খ) অভিজ্ঞতা: মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ১০ বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।

অথবা

ফাজিল মাদরাসায় (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) সহযোগী অধ্যাপক হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।

(গ) প্রাপ্যতা: কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকদের থেকে ৫০% হারে পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এছাড়া সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

২.১০। সহযোগী অধ্যাপক (**ফাজিল মাদরাসা**)

(ক) শিক্ষাগত যোগ্যতা: বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ডিগ্রি।

অথবা

ইসলামি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রি এবং স্বীকৃত গবেষণা জার্নালে প্রকাশিত ৩টি গবেষণা প্রবন্ধ।

(খ) অভিজ্ঞতা: মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে) ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের অভিজ্ঞতা।

(গ) প্রাপ্যতা: কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকদের থেকে ৫০% হারে পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এছাড়া সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

**২.১১। সহকারী অধ্যাপক (কামিল/ফাজিল মাদরাসা)**

(ক) **যোগ্যতা** : এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিওভুক্তির ৮ (আট) বছর পূর্তিতে ৫০% অনুপাত অনুযায়ী পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এছাড়া সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

(খ) **অভিজ্ঞতা** : প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।

**২.১২। প্রভাষক (আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহ)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ন্যূনতম ২য় শ্রেণির কামিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ন্যূনতম ২য় শ্রেণির কামিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে/ ফিকহ বিভাগ হতে ন্যূনতম ২য় শ্রেণির অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (অনার্স) ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.১৩। প্রভাষক (মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (অনার্স) ডিগ্রি/সমমানের ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৪। প্রভাষক (তথ্য প্রযুক্তি ও যোগাযোগ)

(ক) শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (অনার্স) ডিগ্রি।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৫। গ্রন্থাগারিক

(ক) শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ ইসলামী বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে কামিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৬। সহকারী মৌলভী

(ক) শিক্ষাগত যোগ্যতা :

(১) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিসহ বিএমএড/বিএড/সমমান।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রিসহ বিএমএড/বিএড/সমমান।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহ/ ফিকহ বিভাগ হতে অনার্স ডিগ্রিসহ বিএমএড/বিএড/সমমান।

অথবা

(২) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল ডিগ্রি বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৭। সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)

(ক) শিক্ষাগত যোগ্যতা :

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৮। সহকারী শিক্ষক (গণিত)

(ক) শিক্ষাগত যোগ্যতা :

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.১৯। সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়নসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২০। সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২১। সহকারী শিক্ষক (বাংলা)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২২। সহকারী শিক্ষক (ইংরেজি)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৩। সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৪। সহকারী শিক্ষক (কৃষি)

(ক) শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নোক্ত যে কোনো একটি ডিগ্রি/সমমানের ডিগ্রি থাকতে হবে।

বিএসসি (পাস/অনার্স) [কৃষি/কৃষি অর্থনীতি/ মৎস্য/ পশুপালন/ কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম]।

অথবা

কৃষি ডিপ্লোমা/সমমান।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৫। সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান।

অথবা

(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৬। সহকারী শিক্ষক (শরীরচর্চা)

(ক) শিক্ষাগত যোগ্যতা

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিপিএড ডিগ্রি/সমমান।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৭। সহকারী শিক্ষক (তথ্যপ্রযুক্তি ও যোগাযোগ)

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৮ ।**প্রদর্শক (কম্পিউটার)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.২৯ ।**এবতেদায়ি প্রধান**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ডিগ্রি।

অথবা

ইসলামী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের আরবি/ইসলামিক স্টাডিজ-এর বিষয়সমূহ/ ফিকহ বিভাগ হতে অনার্স ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৩০ ।**জুনিয়র মৌলভী**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৩১ ।**জুনিয়র শিক্ষক (মানবিক)**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : এইচএসসি/সমমান।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৩২ ।**এবতেদায়ি ক্বারী**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ অথবা আলিম মুজাব্বিদ মাহির।

(খ) **চাকরিতে প্রবেশ** : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৩৩ । **সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার**

(ক) **শিক্ষাগত যোগ্যতা** : বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ইসলামী বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাজিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

অথবা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি/ইসলামিক স্টাডিজ এর বিষয়সমূহে স্নাতক (অনার্স) ডিগ্রি ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৪। অফিস সহকারী কাম হিসাব সহকারী**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** শিক্ষা বোর্ড হতে এইচএসসি (ব্যবসায় শিক্ষা)/সমমান।

(খ) **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৫ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ কম্পিউটার টাইপিস্ট**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** আলিম/এইচএসসি/সমমান।
আরবি কম্পিউটার অপারেটিং -এ আবশ্যিকভাবে নির্ধারিত দক্ষতা থাকতে হবে।

(খ) **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৬। কম্পিউটার ল্যাব অপারেটর**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ বিজ্ঞান বিভাগে আলিম/এইচএসসি/সমমান।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা/সমমান।

কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে।

(খ) **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৭। গবেষণাগার/ল্যাব সহকারী**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** বিজ্ঞান বিভাগে দাখিল/এসএসসি/সমমান ২য় বিভাগ।

আইসিটি ল্যাব সহকারীর জন্য কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ বিজ্ঞান বিভাগে দাখিল/এসএসসি/সমমান ২য় বিভাগ।

(খ) **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৮। নিরাপত্তা কর্মী/নৈশপ্রহরী/পরিচ্ছন্নতা কর্মী**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** জেডিসি/জেএসসি/সমমান।

(খ) চাকরিতে প্রবেশ : অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

**২.৩৯। আয়া**

(ক) **শিক্ষাগত যোগ্যতা :** জেডিসি/জেএসসি/সমমান।

(খ) **চাকরিতে প্রবেশ :** অনূর্ধ্ব ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

২.৪০। **প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ :** বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমতে, সিজিপিএ এর বিপরীতে পূর্বেকার ১ম, ২য় ও ৩য় বিভাগ বা ক্ষেত্রমতে, শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে-

(ক) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | সমতুল্য বিভাগ |
|---|---|
| ৩.০০ বা তদূর্ধ্ব | ১ম বিভাগ |
| ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২য় বিভাগ |
| ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.০০ এর কম | ৩য় বিভাগ |

(খ) স্নাতক/সমমান এবং স্নাতকোত্তর/সমমান পরীক্ষার ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি |
|---|---|---|
| সিজিপিএ ৪.০০ স্কেলে | সিজিপিএ ৫.০০ স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | ১ম শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | ২য় শ্রেণি |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬২৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১২৫ এর কম | ৩য় শ্রেণি |

৩। **নিয়োগ পদ্ধতি**

৩.১। (ক) প্রথম প্রবেশ পর্যায়ের (Entry Level) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়/পদে ইনডেক্সধারী/নিবন্ধন সনদধারী হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে NTRCA এর মেধাক্রম/মনোনয়ন/নির্বাচন অনুসারে শিক্ষক নিয়োগ করতে হবে।

(খ) ইনডেক্সধারী/এমপিও/ NTRCA ভূক্তপদ ব্যতীত ফাজিল (স্নাতক) পাস/অনার্স, কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি/ কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি মাদরাসার শ্রেণিসমূহে পাঠদানের জন্য অধিভুক্ত মাদরাসাসমূহ গভর্নিং বডি কর্তৃক অনুমেদিত নিয়োগ বোর্ডের মাধ্যমে শিক্ষক নিয়োগ দিতে পারবে।

৩.২। (ক) গভর্নিং বডির সিদ্ধান্তের আলোকে বহুল প্রচারিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় বিধি মোতাবেক বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহ্বান করতে হবে।

(খ) পদ শূন্য হওয়ার পরে গভর্নিং বডির সিদ্ধান্ত অনুযায়ী পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং বিজ্ঞপ্তি প্রকাশের ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(গ) অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/ অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব/ সহকারী অধ্যাপক/ প্রভাষক/ লাইব্রেরিয়ান এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী পদে নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিং বডি নিয়োগ দান করবে।

(ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করতে হবে।

৩.৩। নিয়োগ পরীক্ষার নম্বরবন্টন নিম্নরূপ হবে–

(ক) অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব নিয়োগ পরীক্ষার ক্ষেত্রে-

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৮ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ১ম বিভাগ- ৩<br>২য় বিভাগ-২ ১২<br>৩য় বিভাগ-১ | |

| মোট | ৫০ | |
|---|---|---|

৩.৪। গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৮ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ১২ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.৫। প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদ বিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ০৮ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| ব্যবহারিক পরীক্ষা | ১৪ | ০৫ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.৬ সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩০ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ১১ | ০৪ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৯ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.৭। অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ৩৫ | ১২ |
| মৌখিক পরীক্ষা | ০৯ | ০৩ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.৮। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ কম্পিউটার টাইপিস্ট পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৫০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ০৮ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| ব্যবহারিক পরীক্ষা | ১৪ | ০৫ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৬ | |
| মোট : | ৫০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.৯। গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৪০

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ০৮ |
| মৌখিক পরীক্ষা | ০৭ | ০২ |
| ব্যবহারিক পরীক্ষা | ১০ | ০৪ |
| শিক্ষাগত অর্জন (সনদ) | ০৩ | |
| মোট : | ৪০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.১০। নিরাপত্তা কর্মী/নৈশপ্রহরী/পরিচ্ছন্ন কর্মী/আয়া/অফিস সহায়ক পদে নিয়োগ পরীক্ষার মোট নম্বর হবে ৩০।

| পরীক্ষার ধরন | নম্বর | পাস নম্বর |
|---|---|---|
| লিখিত (বিষয়ভিত্তিক) পরীক্ষা | ২০ | ০৮ |
| মৌখিক পরীক্ষা | ১০ | ০৪ |
| মোট : | ৩০ | |
| নির্বাচিত হওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |

৩.১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

## ৪। নিয়োগ নির্বাচনী কমিটি

৪.১। অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক ও সহযোগী অধ্যাপক নিয়োগ নির্বাচনী কমিটি–

(ক) গভর্নিং বডির সভাপতি -সভাপতি

(খ) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মনোনীত প্রতিনিধি (আরবি ও ইসলামিক স্টাডিজ/সংশ্লিষ্ট বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক) -সদস্য

(গ) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি (সংশ্লিষ্ট বিষয়ে সরকারি মাদরাসা/সরকারি কলেজের একজন অধ্যাপক/ অধিভুক্ত কামিল মাদরাসার অধ্যক্ষ) -সদস্য

(ঘ) গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

৪৫

(ঞ) সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য-সচিব

৪.২। মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক/প্রভাষক/গ্রন্থাগারিকসহ শিক্ষক নিয়োগ নির্বাচনী কমিটি–

ক. গভর্নিং বডির সভাপতি -সভাপতি

খ. বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি
(আরবি ও ইসলামিক স্টাডিজ/সংশ্লিষ্ট বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপক/ অধিভূক্ত কামিল মাদরাসার অধ্যক্ষ) -সদস্য

গ. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি
(সংশ্লিষ্ট বিষয়ে সরকারি মাদরাসা/ সরকারি কলেজের অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ কামিল মাদরাসার অধ্যক্ষ) -সদস্য

ঘ. গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

ঙ. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য-সচিব

৪.৩। প্রদর্শক/সহকারী গ্রন্থাগারিক/অফিস সহকারী কাম হিসাব সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/নিরাপত্তা কর্মী/নৈশপ্রহরী/পরিচ্ছন্ন কর্মী/আয়া/অফিস সহায়কসহ সকল কর্মচারী নিয়োগ নির্বাচনী কমিটি–

ক. গভর্নিং বডির সভাপতি -সভাপতি

খ. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি -সদস্য
(সরকারি মাদরাসা/সরকারি কলেজ/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসায় কর্মরত সহকারী অধ্যাপক/ সমমানের নীচে নয়)

গ. গভর্নিং বডির একজন জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিনিধি সদস্য (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

ঘ. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ -সদস্য-সচিব

৪.৪। যে সকল নিয়োগ নির্বাচনী বোর্ডে ভাইস চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি থাকবেন সে সকল নিয়োগ নির্বাচনী বোর্ডে ভাইস চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি নিয়োগ বোর্ডের বিশেষজ্ঞ সদস্য হবেন। তিনি নিয়োগ কমিটির সদস্যদের নিয়ে প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করবেন। উক্ত প্রতিনিধির উপস্থিতি ছাড়া নিয়োগ বৈধ হবে না।

৪.৫। নির্বাচনী কমিটির সদস্যের টিএ ও ডিএ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ প্রদান করবে।

৪.৬। নিয়োগ নির্বাচনী বোর্ডের কোন সদস্যের নিকটাত্মীয় যদি প্রার্থী থাকে তাহলে তিনি নিয়োগ নির্বাচনী বোর্ডের সদস্য থাকতে পারবেন না।

৪.৭। উপরিউক্ত বিষয়ে বিধিতে যা-ই থাকুক না কেন সরকার কর্তৃক সময় সময় এ সংক্রান্ত অথবা উল্লেখ নেই বিষয়সমূহে জারিকৃত নীতিমালাই গ্রহণযোগ্য হবে।

৫। শিক্ষানবিশ

৫.১। শিক্ষানবিশ কাল সাধারণত ০২ (দুই) বছর হবে তবে পদোন্নতিতে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর বেলায় এই মেয়াদ এক বছর হবে।

৫.২। সন্তোষজনক চাকরির ভিত্তিতে শিক্ষানবিশ কাল শেষ হলে অধ্যক্ষের ক্ষেত্রে গভর্নিং বডির সভাপতি, উপাধ্যক্ষসহ অন্য সকলের ক্ষেত্রে ফৌজদারী মামলা, বিভাগীয় মামলা না থাকলে অধ্যক্ষের সুপারিশের

প্রেক্ষিতে গভর্নিং বডির সিদ্ধান্তের আলোকে একজন শিক্ষক/কর্মচারীর স্থায়ীভাবে নিয়োগদান করা যাবে। শিক্ষানবিশ কাল শেষ হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে গভর্নিং বডিকে এ বিষয়ে কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

৫.৩। কোনো শিক্ষানবিশ শিক্ষক/কর্মচারীর কাজের গুণগতমান ও আচরণ সন্তোষজনক না হলে এবং অদূর ভবিষ্যতে সন্তোষজনক হওয়ার সম্ভাবনা না থাকলে গভর্নিং বডি তাকে চাকরি হতে অপসারণ করতে অথবা পদোন্নতির ক্ষেত্রে পূর্ব পদে বহাল রাখতে পারবে। তবে শর্ত থাকে যে, অদূর ভবিষ্যতে কাজের গুনগতমান অথবা আচরণ সন্তোষজনক হওয়ার সম্ভাবনা থাকলে গভর্নিং বডি তার শিক্ষানবিশ কাল অনূর্ধ্ব এক বছর বৃদ্ধি করতে পারবে।

৫.৪। গভর্নিং বডির অনুমোদনক্রমে অধ্যক্ষ প্রত্যেক শিক্ষক/কর্মচারীকে নিয়োগপত্র প্রদান করবে এবং এই পত্রে বেতনক্রম, ভাতা ও চাকরির শর্তাবলির উল্লেখ থাকবে।

৬। **খণ্ডকালীন শিক্ষক**

৬.১। মাদরাসা কর্তৃপক্ষ প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে নিয়োগপত্রে উল্লিখিত শর্তে প্রয়োজনীয় সংখ্যক খণ্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োগদান করতে পারবে।
মাদরাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ খণ্ডকালীন ভিত্তিতে নিযুক্ত হতে পারবে না এবং একজন পূর্ণকালীন শিক্ষক খণ্ডকালীন শিক্ষক হিসেবে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করতে পারবে না।

৬.২। খণ্ডকালীন শিক্ষকের সম্মানী ও ভাতা পূর্বেই নির্ধারিত হবে এবং তা নিয়োগপত্রে উল্লেখ থাকবে।

৬.৩। খণ্ডকালীন শিক্ষকের সম্মানী ও ভাতা সংশ্লিষ্ট মাদরাসাকে প্রদান করতে হবে।

৭। **বেতন ও ভাতা**

৭.১। বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত মাদরাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবে।

৭.২। বিশেষ যোগ্যতাসম্পন্ন অথবা উচ্চতর ডিগ্রিপ্রাপ্ত শিক্ষককে সর্বোচ্চ ৩ (তিন)টি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান করা যাবে।

৮। **শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব ও কর্তব্য**

৮.১। মাদরাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ সততা ও কর্তব্যপরায়ণতার সঙ্গে কর্ম পালন করবে এবং স্বীয় দায়িত্ব পালনে কঠোর ন্যায়পরায়ণ ও নিরপেক্ষ হবে।

৮.২। নিয়োগের শর্তাবলিতে স্পষ্টভাবে অন্যরূপ উল্লেখ না থাকলে প্রত্যাক মাদরাসা শিক্ষক সার্বক্ষণিক শিক্ষকরূপে গণ্য হবে।

৮.৩। মাদরাসার স্বার্থের পরিপন্থি কোনো কার্যকলাপের সঙ্গে কোনো মাদরাসার শিক্ষক নিজেকে জড়িত করবে না।

৮.৪। একজন শিক্ষক নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে–

(১) শিক্ষাক্রম ও পাঠ্যসূচি মোতাবেক ক্লাস (লেকচার, টিউটোরিয়াল ও প্রাকটিক্যাল) গ্রহণ।
(২) আলোচনা, সেমিনার ও ডেমনস্ট্রেশন ইত্যাদির মাধ্যমে শিক্ষাদান;
(৩) ছাত্র/ছাত্রীদের ব্যক্তিগত নির্দেশনা ও পরামর্শদান।
(৪) পরীক্ষা পরিচালনা, বিজ্ঞান গবেষণার সংগঠন এবং অন্যান্য পাঠ্যক্রম ও সহপাঠ্যক্রম সম্পর্কিত কর্মকাণ্ডে মাদরাসা কর্তৃপক্ষকে সহায়তা দান।
(৫) ছাত্র/ছাত্রীর অথবা মাদরাসার স্বার্থে অধ্যক্ষ অথবা গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন।

৮.৫। একজন শিক্ষক শিক্ষাদানের পাশাপাশি গবেষণায় কর্মরত থাকবে।

৮.৬। একজন শিক্ষক সাধারণত প্রতি সপ্তাহে টিউটোরিয়াল, প্রাকটিক্যাল এবং সেমিনারসহ কমপক্ষে ২৪ পিরিয়ড শিক্ষা দান করবেন এবং পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করবেন।

৮.৭। সাধারণভাবে জনসাধারণ ভোগ করে থাকে এমন সব নাগরিক অধিকার চর্চার এবং সরকারি বা নির্বাচিত পদের জন্য যোগ্য বিবেচিত হওয়ার স্বাধীনতা শিক্ষকদের থাকবে।

৮.৮। যদি কোনো শিক্ষককে সরকারি দায়িত্ব বা নির্বাচিত পদে দায়িত্ব পালনের স্বার্থে শিক্ষাদান কর্তব্য পরিত্যাগ করতে হয়, তবে এই দায়িত্ব পালনকালে শিক্ষকতার ক্ষেত্রে তাঁর জ্যেষ্ঠতা এবং পেনশনপ্রাপ্তির সুবিধা বজায় থাকবে এবং সরকারি বা নির্বাচিত পদে দায়িত্ব পালন শেষে পূর্বতন পদ বা সমমানের পদে প্রত্যাবর্তন করতে পারবে।

৮.৯। ধর্মীয় অনুশাসন পূর্ণাঙ্গভাবে অনুশীলন করা এবং শিক্ষার্থীদের এ ব্যাপারে উৎসাহিত করা।

৮.১০। কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোনো শিক্ষক নিজ প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানে বেতনসহ বা বিনা বেতনে কোনো কাজে নিয়োগ লাভ করতে পারবে না।

৮.১১। প্রতিষ্ঠান পরিচালনায় অধ্যক্ষ কর্তৃক প্রণীত ক্লাস রুটিন অনুযায়ী ক্লাস নিতে বাধ্য থাকবে।

**৯। একাডেমিক কমিটি**

ক.। মাদরাসার একাডেমিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা ও শিক্ষার গুণগত মান নিশ্চিত করার লক্ষে নিম্নোক্ত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকবে :

১। উপাধ্যক্ষ/জ্যেষ্ঠ শিক্ষক -আহ্বায়ক
২। শিক্ষক প্রতিনিধি (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য
৩। বিদ্যোৎসাহী প্রতিনিধি (গভর্নিং বডি কর্তৃক মনোনীত) -সদস্য

**১০। ইস্তফা**

বিশেষ ক্ষেত্রে গভর্নিং বডি কর্তৃক ভিন্নভাবে সিদ্ধান্ত না হলে একজন স্থায়ীভাবে নিয়োগকৃত শিক্ষক–

ক. শিক্ষাবর্ষের প্রথম অর্ধ বছরের কোনো সময় পদত্যাগ করতে চাইলে সেক্ষেত্রে পদত্যাগের ইচ্ছার নোটিশ ২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে পেশ করতে হবে।

খ. শিক্ষাবর্ষের শেষ অর্ধবছরে পদত্যাগ করতে চাইলে ৩ (তিন) মাস পূর্বে লিখিতভাবে তা জানাতে হবে।

গ. শিক্ষানবিশ (প্রবেশনার) শিক্ষককে পদত্যাগের ১ (এক) মাস পূর্বে লিখিত নোটিশ করতে হবে।

ঘ. বিনা নোটিশে চাকরিতে ইস্তফা দিলে সংশ্লিষ্ট শিক্ষককে ১ (এক) মাসের মূল বেতন মাদরাসার তহবিলে জমা দিতে হবে।

ঙ. এই শর্ত লঙ্ঘিত হলে অবহিতকরণের সময় ইস্তফাদানের নির্ধারিত সময় হতে যতদিন কম হবে ততদিনের বেতন বাজেয়াপ্ত করা যাবে অথবা গভর্নিং বডি যেভাবে উপযুক্ত মনে করবে সেভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**১১। চাকরি হতে অবসর : নিম্নবর্ণিত কারণে কোনো শিক্ষক/কর্মচারীকে অব্যাহতি দেয়া যাবে-**

ক. স্বাস্থ্যগত কারণে সংশ্লিষ্ট কার্যে অপারগ হলে এবং গভর্নিং বডি কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ড তার অসুস্থতা ও অপারগতার বিষয়ে সুপারিশ করলে এবং উক্ত সুপারিশ গভর্নিং বডি কর্তৃক গৃহীত হলে।

খ. কোনো শিক্ষক স্বাস্থ্যগত কারণে শিক্ষকতার কার্যে অপারগ হলে অথবা আর্থিক কারণে গভর্নিং বডি কোনো শিক্ষকের পদ বিলুপ্ত করলে সংশ্লিষ্ট শিক্ষককে চাকরি হতে অব্যাহতি দেয়া যেতে পারে।

তবে শর্ত থাকে যে, কোনো শিক্ষককে স্বাস্থ্যগত কারণে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে যদি এই উদ্দেশ্যে গভর্নিং বডি কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ড এইরূপ সুপারিশ করে এবং সে সুপারিশ গভর্নিং বডি কর্তৃক গৃহীত হয়।

আরও শর্ত থাকে যে, আর্থিক কারণে কোনো স্থায়ী পদ বিলুপ্ত করতে হলে বিশ্ববিদ্যালয়ের অনুমতি গ্রহণ করতে হবে এবং যে শিক্ষককে তার চাকরি হতে অবসর দেওয়া হবে অর্থে গভর্নিং বডি কর্তৃক নির্ধারিত অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে হবে।

১২। **ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও জ্যেষ্ঠতা নির্ধারণ**

ক. মাদরাসায় অধ্যক্ষ পদ শূন্য হলে/অধ্যক্ষের অবর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে উপাধ্যক্ষকে দায়িত্ব প্রদান করতে হবে। উপাধ্যক্ষ না থাকলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরবি বা ইসলামী বিষয়সমূহের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবে এবং সে সঙ্গে পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের এক বছরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ আবশ্যিকভাবে নিয়োগ প্রদান করতে হবে।

২. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রাপ্তির ১ মাসের মধ্যে গভর্নিং বডির রেজুলেশনসহ প্রয়োজনীয় কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রেরণ করতে হবে।

৩. ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্তির জন্য প্রার্থী হিসেবে আবেদন করতে ইচ্ছুক হলে তার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি ও অধ্যক্ষ পদে আবেদনের অনুমতি চেয়ে গভর্নিং বডির সভাপতি বরাবর আবেদন করবে। সভাপতি বিষয়টি গভর্নিং বডির সভায় উপস্থাপন করবে। গভর্নিং বডির অনুমোদনপূর্বক বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করে অধ্যক্ষ পদের জন্য প্রার্থী হবে না এমন জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করবে। উক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ নতুন অধ্যক্ষ যোগদান না করা পর্যন্ত অধ্যক্ষ সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা করবে।

খ. **জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ :** শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্মতারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশি তিনি জ্যেষ্ঠ হবে।

গ. **অবসর গ্রহণ :** মাদরাসার শিক্ষকগণের অবসর গ্রহণের বয়স সরকার কর্তৃক নির্ধারিত হবে।

১৩। **নিম্নলিখিত অভিযোগগুলো পেশাগত অসদাচরণ বলে বিবেচিত হবে**

ক. ক্লাস গ্রহণে সময়ানুবর্তিতার অভাব অথবা ক্লাস চলাকালে অন্য কোনো কাজে ব্যস্ত থাকা।

খ. বিনা অনুমতিতে কর্তব্যে অনুপস্থিত।

গ. কর্তব্য পালনে অবহেলা বা উদাসীনতা।

ঘ. পূর্বে অবহিতকরণ ব্যতিরেকে ছুটির মেয়াদ বর্ধিতকরণ।

ঙ. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ গভর্নিং বডির কোনো বৈধ ও যুক্তিসংগত নির্দেশ একাকি অথবা অন্যান্যদের সহযোগে অমান্য করা।

চ. মাদরাসার কোনো সম্পদ অপচয় করা

ছ. ক্ষমতার অপব্যবহার করা।

জ. এমন কোনো কার্য, যা শিক্ষক/ছাত্র-ছাত্রীদের মাঝে বিশৃঙ্খলা অথবা নৈতিক অবক্ষয় সৃষ্টি করতে পারে; এরূপ সমুদয় কার্য, যা গভর্নিং বডি অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অথবা মাদরাসার স্বার্থবিরোধী বলে ঘোষণা করবে।

ঝ. অধ্যক্ষ/গভর্নিং বডি কর্তৃক গৃহীত যৌক্তিক সিদ্ধান্ত অমান্য করা।

১৪। **শাস্তির প্রকারভেদ**

অপরাধের মাত্রা অনুপাতে প্রমাণিত অপরাধী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে নিম্নবর্ণিত এক বা একাধিক শাস্তি প্রদান করা যেতে পারে :

ক. তিরস্কার।

খ. বার্ষিক ইনক্রিমেন্ট বাতিলকরণ।

গ. বার্ষিক ইনক্রিমেন্ট নির্দিষ্ট সময়ের জন্য স্থগিতকরণ।

ঘ. আর্থিক ক্ষতি সাধিত হলে তা বেতন থেকে আংশিক বা সম্পূর্ণ আদায়ের ব্যবস্থা।

ঙ. এক স্তর পদাবনতি।

চ. চাকরি হতে অপসারণ (Removal)।

ছ. চাকরি হতে বরখাস্ত (Dismissal)।

১৫। **শাস্তিমূলক ব্যবস্থা**

ক. শাস্তিমূলক ব্যবস্থা : কোন শিক্ষক, কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে অভিযুক্তকে কারণ দর্শাতে হবে। কারণ দর্শানোর পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করতে হবে। জবাব সন্তোষজনক না হলে গভর্নিং বডি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট প্রাথমিক তদন্ত কমিটি গঠন করবে। তদন্ত কমিটির সামনে উপস্থিত না হলে অভিযুক্তের অনুপস্থিতিতে শুনানী কার্যক্রম পরিচালিত হবে। প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হলে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করতে হবে।

১. ভাইস চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি (সহকারী অধ্যাপক/ সহকারি রেজিস্ট্রার/ সমমান এর নিচে নয়) -আহ্বায়ক

২. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি
(প্রথম শ্রেণির কর্মকর্তার নীচে নয় এমন ব্যক্তি) -
সদস্য

৩. গভর্নিং বডি কর্তৃক মনোনীত গভর্নিং বডির ০২ (দুইজন) সদস্য -সদস্য
(তন্মধ্যে একজন বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত সংশ্লিষ্ট মাদরাসার জ্যেষ্ঠ শিক্ষক প্রতিনিধি এবং অন্য একজন সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডি কর্তৃক মনোনীত সদস্য। তবে কোনো অভিযোগকারী তদন্ত কমিটির সদস্য মনোনীত হতে পারবে না)

৪. সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) - সদস্য-সচিব

খ. তদন্ত কমিটিতে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির টিএ ও ডিএ বিধি মোতাবেক সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ প্রদান করবে।

গ. তদন্ত চলাকালে অভিযুক্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে মূল বেতনের ৫০% জীবনধারণ ভাতা হিসেবে প্রদান করতে হবে।

ঘ. অভিযুক্তকে বিধিসম্মতভাবে আত্মপক্ষ সমর্থনের যুক্তিসংগত সময় প্রদান করতে হবে। তার কোনো বক্তব্য থাকলে তা পেশ করার সুযোগ দান করতে হবে।

১৬। সাময়িক বরখাস্ত

ক. সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অন্যান্য শিক্ষক/কর্মচারীকে সাময়িক বরখাস্ত করলে ৬০ (ষাট) দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

খ. সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ ও অন্যান্য শিক্ষক/কর্মচারীকে সাময়িক বরাখাস্ত করলে ৬০(ষাট) দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

১৭। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি

ক. অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ যে কোনো শিক্ষক/কর্মচারীকে চাকরি থেকে অপসারণ/বরখাস্ত করতে হলে গভর্নিং বডিকে নির্ধারিত ফি সহ বিশ্ববিদ্যালয়ের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি বরাবর আবেদন করতে হবে। আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত গভর্নিং বডিকে বাস্তবায়ন করতে হবে। আপিল এন্ড আরবিট্রেশন কমিটির অনুমোদন ছাড়া কাউকে বরখাস্ত করা যাবে না।

খ. উক্ত ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গঠিত একটি আপিল এবং আরবিট্রেশন কমিটি থাকবে। কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কমিটির সদস্য নিম্নরূপ-

১. ভাইস চ্যান্সেলর -সভাপতি
২. প্রো-ভাইস চ্যান্সেলর (সকল) সদস্য
৩. ট্রেজারার -সদস্য
৪. ডিন (সকল) -সদস্য
৫. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পদ মর্যাদার নিচে নয়)- ০১ জন -সদস্য
৬. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পরিচালক পদমর্যাদার কর্মকর্তা- ০১ জন -সদস্য
৭. কামিল মাদরাসার অধ্যক্ষ- ০২ জন (উপাচার্য কর্তৃক মনোনীত) -সদস্য
৮. ফাজিল মাদরাসার অধ্যক্ষ- ০২ জন (উপাচার্য কর্তৃক মনোনীত) -সদস্য
৯. আইন উপদেষ্টা/আইন কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (উপাচার্য কর্তৃক মনোনীত)- ০১ জন -সদস্য
১০. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পদাধিকার বলে) -সদস্য-সচিব

১৮। ছুটি

ক. কর্তব্য পালনের মাধ্যমে ছুটি অর্জিত হবে, তবে তা অধিকার হিসেবে দাবি করা যাবে না। পরিস্থিতির পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ছুটির আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করতে পারবে অথবা মঞ্জুরকৃত ছুটি প্রত্যাহার করতে পারবে।

খ. বিশেষ প্রয়োজনের ক্ষেত্রে স্বাস্থ্যগত কারণে গভর্নিং বডির অনুমোদন সাপেক্ষে অধ্যক্ষ একজন শিক্ষককে অনধিক পনেরো দিন ছুটি মঞ্জুর করতে পারবে।

গ. নৈমিত্তিক ছুটি

সরকারি মাদরাসা শিক্ষকের ন্যায় একজন বেসরকারি মাদরাসার শিক্ষক বছরে বিভিন্ন সময়ে অধ্যক্ষের অনুমোদন সাপেক্ষে ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবে।

**ঘ. অর্জিত ছুটি**

একজন সরকারি মাদরাসার শিক্ষক ও কর্মচারী যে শর্তে যতদিন অর্জিত ছুটি পেতে পারে, একজন বেসরকারি মাদরাসার শিক্ষক এবং কর্মচারীও ততদিন অর্জিত ছুটি পেতে পারবে।

**ঙ. চিকিৎসা ছুটি**

১. একজন শিক্ষক/কর্মচারী প্রতি বছর ১০ (দশ) দিনের চিকিৎসা ছুটি পেতে পারে।

২. একজন নিবন্ধনকৃত চিকিৎসকের প্রত্যয়ন ও সুপারিশপত্র দাখিল সাপেক্ষে শিক্ষক/কর্মচারী একসাথে সর্বোচ্চ ৭ (সাত) দিনের চিকিৎসা ছুটি পেতে পারে।

৩. বিশেষ প্রয়োজনে চিকিৎসকের সুপারিশ সাপেক্ষে গভর্নিং বডি শিক্ষক/কর্মচারীর পূর্ণগড় বেতনে অনধিক ১ (এক) মাস এবং অর্ধগড় বেতনে অনধিক ৩ (তিন) মাস ছুটি মঞ্জুর করতে পারবে।

৪. ব্যতিক্রমী ক্ষেত্রে গভর্নিং বডি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে শিক্ষক/কর্মচারীকে পূর্ণ সুস্থ হওয়া পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুর করতে পারবে।

**চ. মাতৃত্বকালীন ছুটি**

১. মহিলা শিক্ষক/কর্মচারী পূর্ণগড় বেতনে একসাথে ৬ (ছয়) মাসের মাতত্বকালীন ছুটি পেতে পারে।

২. পূর্ণ চাকরিজীবনে মহিলা শিক্ষক/কর্মচারী ২ (দুই) বার মাতৃত্বকালীন ছুটি পেতে পারে।

৩. চাকরির বয়স ২ বছরের কম হলে মাতৃত্বকালীন ছুটি পেতে মহিলা শিক্ষক/কর্মচারীকে উক্ত প্রতিষ্ঠানে কমপক্ষে পরবর্তী ৩ বছর চাকরি করবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

ছ. অসাধারণ ছুটি

১. একজন শিক্ষকের সর্বমোট চাকরি কালে তিনি অনধিক এক বছরের অসাধারণ ছুটি প্রাপ্য হবে। অসাধারণ ছুটির জন্য তিনি কোনো প্রকার বেতন পাবেন না এবং এরূপ অসাধারণ ছুটি ভোগ করলে ছুটি কাল তার চাকরির জ্যেষ্ঠতা নির্ধারণে গণনা করা হবে না।

২. সরকারি মনোনয়ন অথবা নির্বাচিত জনপ্রতিনিধির ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী গভর্নিং বডি ছুটির সময়সীমা শিথিল করতে পারবে।

**জ. কর্তব্যরত ছুটি :** মাদরাসার একজন শিক্ষক নিম্নলিখিত ক্ষেত্রে কর্তব্য ছুটির জন্য আবেদন মঞ্জুর করতে পারবেন–

১. কোনো শিক্ষা বোর্ড, শিক্ষা/গবেষণা ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয় অথবা সরকার কর্তৃক গঠিত কোনো সংস্থা, কমিটি অথবা একাডেমিক ইউনিটের সভায় যোগদান বা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোনো দায়িত্ব পালন।

২. বিশ্ববিদ্যালয় বা সরকার কর্তৃক মাদরাসা শিক্ষকদের জন্য পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্স/প্রোগ্রামে যোগদান।

৩. কোনো আদালতে একজন জুরি হিসেবে অথবা সরকারি সাক্ষী হিসেবে উপস্থিত হওয়া।

৪. শিক্ষা বিভাগ অথবা কোনো মাদরাসা/কলেজ অথবা কোনো সুপ্রতিষ্ঠিত শিক্ষা/শিক্ষা বিষয়ক সমিতির আমন্ত্রণে বক্তৃতা প্রদান। তবে এরূপ ক্ষেত্রে অবশ্যই গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে।

**ঝ. শিক্ষা ছুটি**

একজন স্থায়ী শিক্ষকের চাকরি কাল ধারাবাহিকভাবে ৩ (তিন) বছর পূর্ণ হলে পেশাগত মান উন্নয়নের স্বার্থে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গভর্নিং বডি তার শিক্ষা ছুটি মঞ্জুর করতে পারবে–

১. চাকরি জীবনে তিনি সর্বোচ্চ ০৩ (তিন) বছর শিক্ষা ছুটি পেতে পারেন।

১. প্রথম বছর পূর্ণ বেতনে, দ্বিতীয় বছর অর্ধ বেতনে এবং তৃতীয় বছর বিনা বেতনে ছুটি পেতে পারেন।
তবে এমফিল/পিএইচডি ডিগ্রীর ক্ষেত্রে পূর্ণ বেতনে শিক্ষা ছুটি পাবেন।

৩. বি.এড ও এম.এড ডিগ্রী কোর্স সম্পন্ন করার পর-ন্যূনতম ০৩ (তিন) বছর চাকরি করতে হবে।

৪. এমফিল/পিএইচডি ডিগ্রী কোর্সে কোর্স সম্পন্ন করার পর ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরি করতে হবে।

৫. শিক্ষা ছুটি ভোগকারী শিক্ষককে ছুটির শেষে কমপক্ষে ০৩ (তিন)/ ০৫ (পাঁচ) বছর ঐ প্রতিষ্ঠানে চাকরি করবে মর্মে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে-অঙ্গীকার প্রদান করতে হবে।

৬. অন্যথায় উক্ত শিক্ষককে ছুটিকালীন গৃহীত সব অর্থ ফেরত দিতে হবে।

**ঞ. সংঘনিরোধ ছুটি**

সরকারি বিধি মোতাবেক প্রাপ্য হবে।

## ১৯। ভবিষ্য তহবিল, কল্যাণ ভাতা ও অবসর ভাতা

**ক. ভবিষ্য তহবিল**

১. মাদরাসার প্রত্যেক স্থায়ী শিক্ষককে অংশীদারী (Contributory) ভবিষ্য তহবিলের সুবিধা দিতে হবে।

(প্রত্যেক শিক্ষক প্রতিমাসে তার বেতনের প্রতি টাকার জন্য ০.১০ টাকা হারে অংশীদারী ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করবে এবং মাদরাসা কর্তৃপক্ষ তার প্রদত্ত অর্থের সমান অর্থ তার অংশীদারী ভবিষ্য তহবিলে প্রদান করবে।)

**খ. কল্যাণ ভাতা, অবসর ভাতা ইত্যাদি**

১. অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার শিক্ষকগণ বিধি মোতাবেক আনুতোষিক, কল্যাণ ভাতা ও অবসর ভাতার সুবিধা পাবে।

২. মাদরাসার শিক্ষকগণকে বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা এবং অন্যান্য প্রাপ্তির সুবিধাদি মাদরাসার আর্থিক সংগতি থাকা সাপেক্ষে প্রদান করবে।

## ২০। প্রবিধান সংশোধনী

ক. এ প্রবিধানে কোনো বিষয় উল্লেখ না থাকলে সে-ক্ষেত্রে সিন্ডিকেটের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

খ. বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট প্রবিধানের পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

গ. এ প্রবিধানে কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজনীয়তা দেখা দিলে ভাইস-চ্যান্সেলর প্রদত্ত ব্যাখ্যা ও সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। **রহিতকরণ :** এ প্রবিধান কার্যকর হওয়ার তারিখ হতে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত সকল প্রজ্ঞাপন, অফিস আদেশ ও নির্দেশিকা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের জন্য বাতিল বলে গণ্য হবে।

**এ প্রবিধানে যা-ই থাকুক না কেন সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/নীতিমালাই বলবৎ হবে।**